

স্কুলে যায় না বেলগাছা ইউনিয়নের এক-তৃতীয়াংশ শিশু

■ কুড়িগ্রাম প্রতিনিধি

কুড়িগ্রাম সদর উপজেলার বেলগাছা ইউনিয়নে স্কুলে যায় না ৭৮২ শিশু। মোট স্কুলপাঠী শিশুর সংখ্যা ১ হাজার ৫১১ জন। গৃহকর্মরত পিতা ও অন্য শিশুদের ইউনিয়ন ভিত্তিক তৃতীয়াংশ ও রেজিস্ট্রেশন করমেট ইত্যাদির বিধায়ক সভায় জরিপ রিপোর্ট প্রকাশকালে পরিবার এসব তথ্য জানানো হয়। এসময় জরিপ রিপোর্ট ও রেজিস্ট্রেশন করমেটের বাধাই কমিটি আনুষ্ঠানিকভাবে বেলগাছা ইউনিয়নের চেয়ারম্যান মাহবুবুর রহমানের কাছে হস্তান্তর করা হয়। বেলগাছা ইউনিয়ন পরিষদ কর্তৃক পরিচালিত অনুসন্ধানে সংশ্লিষ্ট তথ্য জানা যায়, এই ইউনিয়নে ২ হাজার ২৯০ জন শিশুর মধ্যে প্রমজীবি শিশু ৭০ জন, প্রমজীবি ছাত্র ২০৪ জন, শুধু স্কুলে যায় এমন শিশু ১ হাজার ২৭৭ জন এবং অন্যান্য ৭১২ জন। এই ইউনিয়নে মোট পরিবার ১ হাজার ৫০০টি, এরমধ্যে হেলে শিশু ১ হাজার ২৩২ জন এবং মেয়ে শিশু ১ হাজার ৬১ জন। প্রমজীবি শিশুদের মধ্যে অন্যের বাসায় কাজ করে ১৪ জন এবং অন্যান্য কাজে নিয়োজিত শিশুর সংখ্যা ২৯০ জন। কুড়িগ্রাম সদর উপজেলার বেলগাছা ইউনিয়নে পাইলট প্রকল্প আর্থিক সহায়তা দিচ্ছে নেত দা চিলড্রেন ইন্টারন্যাশনাল এবং আইন ও মালিশ কেন্দ্র।

স্থানীয় মসজিদটি প্রশিক্ষণ কেন্দ্র আয়োজিত জরিপ রিপোর্ট প্রকাশ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রবীণ সাংবাদিক ও সচেতন নাগরিক কমিটির সভাপতি মোঃ শাহাবুদ্দিন। স্থানীয় উন্নয়ন সংস্থা মসজিদটির নির্বাহী পরিচালক হারুন অর রশীদ লালের সভাপতিত্বে বক্তব্য রাখেন বিশেষ অতিথি প্রেসক্লাবের সভাপতি সফি খান, সাধারণ সম্পাদক আহসান হাবীব নীলু, ইউপি চেয়ারম্যান মাহবুবুর রহমান, আলেক্সা বেগম প্রমুখ।